গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

নং: ১০.০৭.০০০০.০০১.২৭(১).০৫.২০১৮-৩৩৪ তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

**বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব হারুন-অর-রশিদ, ক্লিনার (পরিচ্ছন্নতাকর্মী), জামালপুর (বর্তমানে অফিস সহায়ক, প্রধান কার্যালয়) আপনার বিরুদ্ধে জামালপুর জেলা লিগ্যাল এইড অফিসে অভিযোগ পাওয়া গেছে যে,

২। আপনি মামলা নং- ৩১২(১)২৫ এর জমি মাপজোখের জন্য বিগত ০৬/১১/২০২৫ খ্রি. তারিখে অভিযোগকারীর নিকট হতে ৬,০০০/- (ছয় হাজার) টাকা গ্রহণ করে কোনো রশিদ প্রদান করেননি এবং জমি পরিমাপ না করে উক্ত টাকা আত্মসাৎ করেছেন।

৩। আপনি আবেদনপত্র নং-৯১৮/২৪ এর প্রেক্ষিতে জমি পরিমাপের উদ্দেশ্যে অভিযোগকারীর নিকট হতে ২৮/১১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ১২,০০০/- (বারো হাজার) টাকা গ্রহণ করেছেন। পরবর্তীতে আপনি সংশ্লিষ্ট সার্ভেয়ারকে সঙ্গে নিয়ে ঘটনাস্থলে গেলেও কোনো প্রকার মাপজোখ কার্যক্রম সম্পন্ন করেননি এবং অভিযোগকারীর সঙ্গে যোগাযোগও বন্ধ করে দিয়েছেন।

৪। আপনি আবেদনপত্র নং-১১৫৪/২৫ এর প্রেক্ষিতে গত ১৩/১২/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে জমি পরিমাপের ব্যবস্থা করার কথা বলে অভিযোগকারীর নিকট হতে ৬,০০০/- (ছয় হাজার) টাকা গ্রহণ করেন এবং উক্ত অর্থ প্রতারণামূলকভাবে আত্মসাৎ করেন। উল্লেখ্য, সংশ্লিষ্ট আবেদনপত্র ও নথি অত্র অফিসে ব্যাপক অনুসন্ধান ও খোঁজাখুঁজি করেও প্রথমদিকে উদ্ধার করা সম্ভব হয়নি। এছাড়াও জামালপুর লিগ্যাল এইড অফিসের সাবেক জারিকারক শাফিকুল ইসলাম (বর্তমানে জারীকারক, শেরপুর) এবং অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক শেখ আব্দুর শফিক (বর্তমানে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, খাগড়াছড়ি) এর সাথে পরস্পর যোগসাজশে সদর আমলী আদালত, জামালপুরের সি.আর. মামলা নং-১৬৬৩ (১)/২০২৫, যার লিগ্যাল এইড নিবন্ধন নং-৯৯৩/২৫ সংক্রান্ত নথি গোপন ও সরিয়ে ফেলার চেষ্টা করেন। আপনার এহেন আচরণ অসদাচরণের সামিল।

৫। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, সে বিষয়ে এই নোটিশ প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আপনার সন্তোষজনক কারণ লিখিতভাবে দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে অত্র কারণ দর্শানোর নোটিশ জারি করা হলো।

**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৪(অ:)

**জনাব হারুন-অর-রশিদ**
ক্লিনার (পরিচ্ছন্নতাকর্মী)
জেলা লিগ্যাল এইড অফিস, জামালপুর।
(বর্তমান অফিস সহায়ক, প্রধান কার্যালয়,
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর, ঢাকা।)

**জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা ও দায়রা জজ, জামালপুর।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৪। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।

৫। জেলা লিগ্যাল এইড অফিসার, জামালপুর।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।

৮। কোর্ট অফিসার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)

৯। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।